একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

## উপজেলা পরিষদের মার্চ-২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব অহনা জিন্নাত, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ১৩.০৩.২০২৫ খ্রিঃ, বেলা ১২.৩০ টা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে। জনবল সংকট থাকায় চিকিৎসা সেবা বিঘ্নিত হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | রোগীদের সেবার মান বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জন্ম নিবন্ধনের জন্য গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, মদন উপজেলা একটি হাওর বেষ্ঠিত উপজেলা। বর্তমান আবহাওয়ায় বোরো জমিতে ব্লাস্ট রোগ দেখা দিতে পারে। এই অবস্থায় জমিতে ছত্রাক নাশক ৭ দিন পরর দুইবার এবং কুইক পটাশ ব্যবহার করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। ফসল উৎপাদন বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কর্মকর্তাবৃন্দ কাজ করে যাচ্ছে। সার বীজের কৃত্রিম সংকট রোধে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে. হাঁস মুরগি ও গবাদি পশুর টিকার কার্যক্রম চলমান রয়েছে। উন্নত জাতের ঘাস চাষে খামারীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রমের চলমান রাখতে হবে।<br>(খ) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য চাষীদের নিয়ে সচেতনতামূলক সভা করা হচ্ছে। পুকুর জরিপ কার্যক্রম শুরু হয়েছে। | (ক) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(খ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মদন ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র গৃহিত প্রকল্পসমূহ বাস্তবায়নে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। টেন্ডার প্রক্রিয়া চলমান। | ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্পসমূহ যথাযথ প্রক্রিয়ায় বিধি মোতাবেক যথাসময়ে জরুরিভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনার বিভাগের সেবার মান বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ভিজিএফ চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসকগণকে জরুরীভিত্তিতে তালিকা প্রস্তুতপূর্বক ভিজিএফ চাল বিতরণ করার অনুরোধ জানান। | বিধি মোতাবেক ভিজিএফ চাল বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন |
| ৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, তিনি এ উপজেলায় নবযোগদান করেছেন। সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ/মতবিনিময় সভায় আয়োজন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নিয়মিত শ্রেণি কার্যক্রম চলছে। নিয়মিত বিদ্যালয় মনিটরিং করা হচ্ছে। | (ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, এ উপজেলায় সমাজসেবা দপ্তর হতে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর ভাতা বেদে ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া ভাতা বাবদ ১৫০০০ হাজার ব্যক্তিকে ভাতা প্রদান করা হচ্ছে। প্রতিবন্ধী ভাতা বরাদ্দ পাওয়া গিয়াছে। দ্রুত যাচাই বাছাই করে প্রতিবন্ধী ভাতা বরাদ্দ প্রদান করা হবে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ ব্যবস্থাপক, সভায় জানান যে, মদন উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের ১৮২ টি সমিতির ১০ হাজার উপকারভোগী রয়েছে। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, এ উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। আরসিসি ড্রেন নির্মাণের কাজ চলমান রয়েছে। | (ক) গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের উপকারভোগী নির্বাচনে অবশ্যই সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং নির্বাচিত উপকারভোগীদের প্রোফাইল সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | চেয়ারম্যান, তিয়শ্রী ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের টিআর কাবিখার কাজ চলমান রয়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ০৬ নং তিয়শ্রী ইউপি, মদন |
| ১৯. | চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ফতেপুর উচ্চ বিদ্যালয় সংলগ্ন রাস্তাটি ভেঙ্গে যাওয়ায় যান চলাচলে সমস্যা হচ্ছে। উক্ত রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ফতেপুর উচ্চ বিদ্যালয় সংলগ্ন রাস্তার ভাঙা অংশ জরুরীভিত্তিতে মেরামতের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ০৮ নং ফতেপুর ইউপি, মদন |
| ২০. | চেয়ারম্যান, চানগাঁও ইউনিয়ন পরিষদ জানান যে, টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করা হচ্ছে। কিছু প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন করা হয়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ০২ নং ইউনিয়ন ইউপি, মদন |
| ২১. | মদন উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ নিলাম সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মদন উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন গাছগুলোর মূল্য নির্ধারণের নিমিত্ত বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ এর ১৯.০২.২০২৫ খ্রি: তারিখের ২২.০১.০০০০.৬২৪.১৭.০০১.২৫.৬৯৮ নং স্মারক পত্রের প্রতিবেদন অনুযায়ী মদন উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য (মেহগনি-২৬টি, আকাশি-১৩টি, অর্জুন-০১টি, চাপালিশ-০১টি, জাম-০১টি, মান্দার-০১টি, নীম-০১টি, শিশু-০৪টি, রেন্ট্রি-০২টি) মোট ৫০ (পঞ্চাশ) টি গাছের কাঠের পরিমাণ ২৯৪.৯৪ ঘনফুট এবং জ্বালানী কাঠের পরিমাণ ২০৮ ঘনফুট, যাহার প্রাক্কলিত মূল্য ১১২৫৭৫.৯৭/- (এক লক্ষ বার হাজার পাঁচশত পঁচাত্তর টাকা সাতানব্বই পয়সা)। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মদন উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য ৫০ (পঞ্চাশ) টি গাছের প্রাক্কলিত মূল্য ১১২৫৭৫.৯৭/- (এক লক্ষ বার হাজার পাঁচশত পঁচাত্তর টাকা সাতানব্বই পয়সা) টাকা জেলা প্রশাসক মহোদয়ের চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত পত্র প্রেরণের এবং বিধি মোতাবেক গাছগুলি নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা।<br>২। উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ২২. | ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপনের ব্যয় সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপনের ব্যয় বাবদ নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতি অর্থবছরে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন রয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপনের ব্যয় বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ২৩. | উপজেলা নির্বাহী অফিসারের কোয়ার্টার নিলাম সংক্রান্ত: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি পরিত্যক্ত হওয়ায় বসবাসের অনুপযোগী এবং ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। উপজেলা প্রকৌশলী কর্তৃক ভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ভবনটির প্রাক্কলিত মূল্য ৯১১৪৮৩.০০ টাকা, ভাঙ্গার খরচ ২২৬৯৬৩.০০ টাকা নিলামে বিক্রয় মূল্য ৬৮৪৫২০.০০ টাকা। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি বসবাসের অনপযোগী এবং ঝুকিপূণ হওয়ায় বাসভবনটি পরিত্যক্ত ঘোষণার সবসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি নিলামে বিক্রয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা।<br><br>২। উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |
| ২৪. | উচিতপুর নৌকাঘাট ইজারা সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উচিতপুর নৌকাঘাট ১৪৩২ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পযন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা গ্রহণের জন্য জনাব মেহেদী হাসান আকন্দ, পিতা-মৃত আব্দুর রশিদ, গ্রাম-কুলিয়াটী, মদন, নেত্রকোণা এর ২৭.০২.২০২৫ খ্রি: তারিখে দাখিলকৃত দর ২৯৮৫৭৫০/-(উনত্রিশ লক্ষ পঁচাশি হাজার সাতশত পঞ্চাশ) টাকা দরপত্র মূল্যায়ন কমিটিতে সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উচিতপুর নৌকাঘাট ১৪৩২ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পযন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য জনাব মেহেদী হাসান আকন্দ, পিতা-মৃত আব্দুর রশিদ, গ্রাম-কুলিয়াটী, মদন, নেত্রকোণা এর নিকট ২৯৮৫৭৫০/-(উনত্রিশ লক্ষ পঁচাশি হাজার সাতশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হিসাব নম্বরে এবং ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান সাপেক্ষে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ২৫. | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কর্মরত দরিদ্র কমচারীদের ঈদুল ফিতর-২৫ উপলক্ষে অনুদান প্রদান সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কমরত মালী ও সুইপার দরিদ্র কর্মচারী হিসেবে ঈদুল ফিতর-২০২৫ উপলক্ষে অনুদান প্রদানের আবেদন করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কর্মরত মালী জনাব মো: ইসহাক মিয়া ও সুইপার জনাব মো: রফিক মিয়াকে দরিদ্র কর্মচারী হিসেবে ঈদুল ফিতর-২০২৫ উপলক্ষে প্রতিজনকে ৮০০০/- (আট হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/৩/২৫
(অহনা জিন্নাত)
প্রশাসক
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.১৯.২৪৫ — তারিখঃ ১৩.০৩.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা....................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. চেয়ারম্যান (সকল)..............................ইউপি, মদন, নেত্রকোণা
৩. বেগম............................., সংরক্ষিত আসন,...........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৪. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

১৩/৩/২৫
(অহনা জিন্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. প্রশাসক, মদন পৌরসভা |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. চেয়ারম্যান, ০২নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |
| ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. প্রশাসক, ০১নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |
| ৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৫. প্রশাসক, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন নেত্রকোণ। | ৬. প্রশাসক, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| ৭. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা | ৭. প্রশাসক, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| ৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৮. প্রশাসক, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৯. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৯. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ |
| ১০. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | |
| ১২. উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৩. উপজেলা পল্লী দারিদ্র বিচমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ঠ-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| | |

(অহনা জিন্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।